

## ভূমিকম্পপীড়িত কাজেরায় ভারতের ত্রাণ সহায়তা

ভারত সরকার তাঞ্জানিয়া সরকারকে কাজেরায় ভূমিকম্পপীড়িতদের ২ লাখ ৫০ হাজার মার্কিন ডলার আর্থিক সাহায্য করল। এই অর্থ ২৭ সেপ্টেম্বর ২০১৬, দার এস সালাম-এর স্টেট হাউসে ভারতের হাই কমিশনার জনাব সন্দীপ আর্য় তাঞ্জানিয়ার প্রেসিডেন্ট জনাব জন পি মাগুফুলির হাতে তুলে দেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তাঞ্জানিয়ার প্রধানমন্ত্রী জনাব কাশিম মাজালিওয়া। প্রেসিডেন্ট মাগুফুলি ভারতের সাহায্যের জন্য প্রশংসা করেন এবং দু'দেশের মধ্যে ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্কের কথা স্বীকার করেন এবং ক্ষতিগ্রস্তদের প্রতি ভারতের সহযোগিতা এবং সংহতির জন্য তাঁর কৃতজ্ঞতা জানান।

তাঁর প্রতি একটি বার্তা, যা হাই কমিশনার পড়ে শোনান, ভারতের প্রধানমন্ত্রী জনাব নরেন্দ্র মোদি সরকার এবং ভারতের জনগণের পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন ভূমিকম্পে নিহত এবং ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি। তিনি ব্যক্ত করছেন তাঞ্জানিয়ার সঙ্গে ভারতের সংহতির কথা এবং ক্ষতিগ্রস্ত পরিবার ও বন্ধুদের প্রতি শান্তি ও সহিষ্ণুতা প্রার্থনা করেছেন।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ২৯, ২০১৬